

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৩(আগরতলা, ২০।০৪)
মোহনপুর, ২০ এপ্রিল, ২০১৭

**মোহনপুরে পুর পরিষদ ভিত্তিক গ্রামীণ
প্রতিযোগিতা শুরু**

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং ত্রিপুরা ক্রীড়া পর্ষদ, স্কুল স্পোর্টস বোর্ড এবং মোহনপুর পুর পরিষদের পরিচালনায় মোহনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে আজ থেকে শুরু হয়েছে দু'দিনব্যাপী মোহনপুর পুর পরিষদ ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার আসর। এর উদ্বোধন করেন মোহনপুর পুর পরিষদের চেয়ারপার্সন সুভাষ চন্দ্র দেবনাথ। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, ক্রীড়া প্রতিভার বিকাশে রাজ্য সরকার এই জাতীয় কর্মসূচীর উদ্যোগ গ্রহণ করেছে। তিনি আরও বলেন, প্রতিটি অঞ্চলে ক্রীড়া প্রতিভা রয়েছে। প্রতিভা অন্বেষণের পাশাপাশি সকল অংশের মানুষ যেন খেলাধুলায় সুযোগ পেতে পারেন সেই লক্ষ্যেই গ্রামীণ ক্রীড়া আসরের আয়োজন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মোহনপুর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন ঝর্ণা মজুমদার। উপস্থিত ছিলেন মোহনপুর পুর পরিষদের সদস্য-সদস্যগণও মহকুমা ক্রীড়া আধিকারিক। মোহনপুর পুর পরিষদের ১৩টি ওয়ার্ডের নির্বাচিত খেলোয়াড়গণ আজ ফুটবল, দড়ি টানাটানি, মিউজিক্যাল বল, হাডিভাঙ্গা ও অ্যাথলেটিক্স খেলায় অংশ নিয়েছেন। আগামীকাল এই ক্রীড়া প্রতিযোগিতায় খো - খো, কাবাডি এবং ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, এর আগে সংশ্লিষ্ট পুর পরিষদের ১৩টি ওয়ার্ডে এই প্রতিযোগিতায় ২৩৬১ জন খেলোয়াড় অংশ নিয়েছিলেন।

This document is a scanned copy of a PDF file. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com